

## সন্ধ্যার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ে যানবাহন চলাচল বন্ধ

নিজস্ব প্রতিবেদক ●

ইংরেজি বছরের শেষ দিন আজ রোববার সন্ধ্যা ছয়টার পর ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় কোনো যানবাহন বা বহিরাগত কাউকে ঢুকতে দেওয়া হবে না বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। এ ছাড়া রাত আটটা থেকে গুলশান, বনানী ও বারিধারায় ঢোকান সব রাস্তা বন্ধ থাকবে বলেও জানান তিনি।

গতকাল শনিবার সকালে মিন্টো রোডের ডিএমপির মিডিয়া সেন্টারে ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া এসব কথা বলেন। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকায় বসবাসরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বহনকারী গাড়ি সন্ধ্যা ছয়টার পর পরিচয় দেওয়ার সাপেক্ষে নীলক্ষেত এবং শাহবাগ ক্রসিং দিয়ে প্রবেশ করতে পারবে। রাত আটটার পর কাকলী ও আমতলী ক্রসিং দিয়ে গুলশানে ঢুকতে হলে পরিচয় নিয়ে প্রবেশ করা যাবে। একই সময়

### ইংরেজি বর্ষবরণ

হাতিরঝিল এলাকায় কাউকে অবস্থান করতে দেওয়া হবে না। উন্মুক্ত স্থানে, রাস্তার মোড়, উড়ালসড়কে, রাস্তায়, ভবনের ছাদে এবং প্রকাশ্যে জমায়েত বা উৎসব করা যাবে না। আজ সন্ধ্যা ছয়টার পর রাজধানীর কোনো বার খোলা রাখা যাবে না। ইনডোরে বা চার দেয়ালের মাঝে অনুষ্ঠান করতে চাইলে অবশ্যই পুলিশের কাছ থেকে অনুমতি নিতে হবে। কোথাও আতশবাজি বা পটকা ফোটানো, অশোভন আচরণ, বেপরোয়া গাড়ি ও মোটরসাইকেল চালানো যাবে না।

সংবাদ সম্মেলনে ডিএমপি কমিশনার বলেন, ইংরেজি নববর্ষ (থার্ট ফাস্ট নাইট) রাতকে ঘিরে ডিএমপি কয়েক স্তরের নিরাপত্তা নিয়েছে। ইউনিফর্মধারী পুলিশের পাশাপাশি সাদাপোশাকে পুলিশ মোতায়েন থাকবে। কাউন্টার টেররিজম ইউনিটের সদস্যরা শহরের বিভিন্ন স্থানে দায়িত্ব পালন করবেন। সেই সঙ্গে পুলিশের বিশেষায়িত

সোয়াট দল, বোমা উদ্ধার ও নিষ্ক্রিয়করণ দলের সদস্যদের গুরুত্বপূর্ণ স্থানে মোতায়েন করা ছাড়াও ডিএমপি সদর দপ্তরে পুলিশ সতর্ক অবস্থায় থাকবে। গুরুত্বপূর্ণ অনুষ্ঠানস্থলে ডগ স্কোয়াড দিয়ে সুইপিং করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়, গুলশান ও বনানী এলাকায় প্রয়োজনীয়সংখ্যক ফায়ার সার্ভিসের গাড়ি ও অ্যাম্বুলেন্স প্রস্তুত থাকবে।

ঢাকা মহানগরের পুলিশ প্রধান বলেন, সড়ক ব্যবহার-সংক্রান্ত জরুরি প্রয়োজনে ফোন করা যাবে, পুলিশের উপকমিশনার ডিসি ট্রাফিক (নর্থ)- ০১৭১৩৩৭৩২২৫, অতিরিক্ত উপকমিশনার (এডিসি ট্রাফিক (নর্থ)- ০১৭১৩৩৭৩২২৬, সহকারী কমিশনার (এসি ট্রাফিক, গুলশান)- ০১৭১৩৩৯৮৪৯৭, এসি ট্রাফিক (উত্তরা)-০১৭১৩৩৯৮৪৯৮, ডিসি ট্রাফিক (সাউথ)-০১৭১৩৩৭৩২২৩, এডিসি ট্রাফিক (সাউথ)- ০১৭১৩৩৭৩২২৪, ডিসি (গুলশান)-০১৭১৩৩৭৩১৬৬ ও ডিসি (উত্তরা)-০১৭১৩৩৭৩১৫৬।